



ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ।

১/এ নিউ বেইলি রোড, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং ভিএনএসসি/২০২৪/২৩৫

তারিখ: ০৬ মে, ২০২৪খ্রি.

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা - এর নিম্নবর্ণিত পদে প্রতিষ্ঠানের বিধি মোতাবেক নিয়োগের লক্ষ্যে শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও সংখ্যা	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	হিসাবরক্ষক বেতনক্রম: গ্রেড-১০ টাকা-১৬০০০/-	০১ জন	হিসাববিজ্ঞানে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি/এমবিএ (হিসাব বিজ্ঞানে) বা সমমান। সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২।	অফিস সহকারী (হিসাব শাখা) বেতনক্রম: গ্রেড-১১ টাকা-১২৫০০/-	০১ জন	বানিজ্য বিভাগে স্নাতক (সম্মান) বা সমমান। কম্পিউটার জ্ঞানসহ হিসাবরক্ষন কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ-

১। প্রার্থীগণকে সকল পাবলিক পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমপর্যায়ের জিপিএ/সিজিপিএ প্রাপ্ত হতে হবে। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/সমপর্যায়ের জিপিএ/সিজিপিএ প্রাপ্তদের আবেদন করা প্রয়োজন নেই।

২। প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী বেতন ও ভাতাদি (বাড়িভাড়া, নগর ভাতা, যাতায়াত ভাতা, উৎসব ভাতা, সিপিএফ ও গ্রাচুইটি সহ অন্যান্য সুবিধা) প্রদান করা হবে।

৩। অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা এর বরাবরে সোনালী ব্যাংক প্রাঃ লিঃ, ভিকারুননিসা স্কুল শাখা অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে ৫০০ টাকা অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

৪। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও মোবাইল নাম্বার সহ আবেদনপত্র অধ্যক্ষ ও সদস্য সচিব, গভর্নিং বডি, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ১/এ, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০, এই ঠিকানায় আগামী ২৩ মে, ২০২৪খ্রি. মধ্যে ডাকযোগে, কুরিয়ার অথবা সরাসরি পৌছানোর জন্য অনুরোধ করা হলো। খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

৫। ১নং পদের জন্য সর্বনিম্ন বয়স সীমা কমপক্ষে ৩৫ বছর এবং ২নং পদের জন্য বয়স সীমা অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল/গ্রহণ করতে পারবেন।

০৬.৫.২৪

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব. গভর্নিং বডি।